গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

## উপজেলা পরিষদের জানুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি ঃ | জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ ঃ | ১৮/০১/২০২২ খ্রিঃ। |
| সভার উপস্থিতি ঃ | পরিশিষ্ট ''ক'' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচনা-০১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) ঃ উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্পের তালিকা শেষ হয়েছে। পরবর্তী কার্যক্রম আরম্ভ করার জন্য সভায় অভিমত জ্ঞাপন করেন। | ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| আলোচনা-০২ (ত্রাণ শাখা) ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন' কর্মকর্তা, মহেশখালী বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্প ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্প গ্রহণ করা হয়েছে। | গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্প ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ে নন-সোলার/উন্নয়ন খাতের প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| আলোচনা-০৩ ঃ চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ, মহেশখালী তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| আলোচনা-০৪ ঃ চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ, মহেশখালী সভায় অনুপস্থিত থাকায়তাঁর ইউপি'র কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হয়নি। | আগামী সভায় উপস্থিত হয়ে ইউপি'র কার্যাদি সম্পর্কে অবহিত করার জন্য চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপি। |
| আলোচনা-০৫ ঃ চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ, মহেশখালী তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউপিকে অনুরোধ জানান। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি, মহেশখালী। |
| আলোচনা-০৬ ঃ চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বড় মহেশখালী ইউপি। |
| আলোচনা-০৭ ঃ চেয়ারম্যান, কালারমারছড়া ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, কালারমারছড়া ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কালারমারছড়া ইউপি, মহেশখালী। |
| আলোচনা-০৮ ঃ চেয়ারম্যান, শাপলাপুর ইউপি তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, শাপলাপুর ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, শাপলাপুর ইউপি, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| আলোচনা-০৯ ঃ মোহাম্মদ সাইফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভায় জানান যে, মহান বিজয় দিবস'২০২১ যথাযোগ্য মর্যাদায় পালন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যয়-ভাইচার পাওয়া যায়। উক্ত টাকা পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস'২০২১ যথাযোগ্য মর্যাদায় পালন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| আলোচনা-১০ ঃ জনাব আলহাজ্ব মোঃ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, "উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধনের উদ্দেশ্যে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য সব দপ্তর প্রধানের উপস্থিতি আবশ্যক। কিন্তু লক্ষ্যে করা যাচ্ছে যে, অনেক দপ্তর প্রধান পূর্বানুমতি ব্যতিরেকে সভায় অনুপস্থিত থাকেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরে সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা সম্ভব হয় না। এতে সভার মূল লক্ষ্যে ও উদ্দেশ্য ব্যাহত হয়।" এজন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। অন্যথায় অনুপস্থিত সদস্যদের অনুপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>খ) অনুপস্থিত সদস্যদের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। সংশ্লিষ্ট সকল। |

১৮.০১.২২

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮- ৬৯

তারিখঃ ১৮/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-
০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্ল উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা........................................................ কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব......................................................................................
০৮। অফিস নথি।

১৮/০১/২০২২

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মহেশখালী, কক্সবাজার।

জানুয়ারী/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিতি স্বাক্ষর:

| ক্র: নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | [illegible] চেয়ারম্যান, উপজেলা পরিষদ | 01828700980 | |
| ০১/ | | | |
| ০২/ | মো: মুহাম্মদ মাহমুদুল হক | 01712124706 | |
| ০৩/ | [illegible] মহিলা ভাইস চেয়ারম্যান | 01818025417 | |
| ০৪/ | [illegible] (মেম্বার + প্রতিনিধি) | ০১৭১৭-৭৫৫১২ | |
| ০৫/ | [illegible] | 01816352046 | |
| ০৬/ | ডা: মো: আবু কাশেম - [illegible] | 01776030070 | |
| ০৭/ | এ: [illegible] | 01815-011194 | |
| ০৮/ | কৃষি: [illegible] | 01834597426 | |
| ০৯ | [illegible] | 01819976234 | |
| ১০/ | মোহাম্মদ [illegible] - [illegible] | 01823-911991 | |
| ১১ | নাসির উদ্দিন: উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশলী | 01821152334 | |
| ১২. | মো: [illegible] [illegible] উপজেলা ভূমি অফিস | 01823072692 | |
| ১৩. | মো: [illegible] ইসলাম, উপজেলা [illegible] কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার | 01830-471641 | |
| ১৪ | রাজু আহমেদ, সহ: উপ: [illegible] কর্মকর্তা | 01515655179 | |
| ১৫. | মো: রাশেদুল ইসলাম [illegible] | 01900926486 | |
| ১৬. | [illegible] কুমার দে, UE, lged | 01708161275 | |
| ১৭. | মো: [illegible] খান SUFO মহেশখালী | 01722649552 | |
| ১৮ | মো: বাবুল মিয়া UDF [illegible] | 01755567289 | |